



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন-৫৫/৪৮২

তারিখঃ ১০/০৮/২০১৭খ্রিঃ

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ফেলো-আপ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৪১৫; তারিখঃ ০৮ আগস্ট ২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের ফেলো-আপ সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

“কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের অধীন দপ্তর-সংস্থা একটি করে মনিটরিং টিম গঠন করবে। এই মনিটরিং টিম পরিদর্শন করে নিশ্চিত করবে যে, সকল শিক্ষা প্রতিষ্ঠান যথাযথ মর্যাদার সাথে দিবসটি পালন করছে।”

উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের বর্তমান দাখিল স্তরের পরীক্ষা পরিচালনা কমিটির কেন্দ্র সচিবকে প্রধান করে উক্ত পরিচালনা কমিটির সকল সদস্যের সমন্বয়ে একটি মনিটরিং টিম গঠন করার জন্য অনুরোধ করা হলো। উক্ত মনিটরিং টিম তাঁর কেন্দ্রের আওতাধীন সকল মাদরাসায় যথাযথভাবে জাতীয় শোক দিবস পালন হচ্ছে কিনা সে বিষয়টি নিশ্চিত করবেন এবং প্রত্যেক মাদরাসার অনুষ্ঠানের ছবি সম্বলিত একটি প্রতিবেদন বোর্ডে দাখিল করবেন। এছাড়া সকল মাদরাসার প্রধানগণকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক তৈরীকৃত স্ব-স্ব মাদরাসার ওয়েব সাইটে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত ছবিসমূহ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
১০.০৮.১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৫৮৬১০২১৬

২০/৮/১৭

- প্রাপকঃ ১) কেন্দ্র সচিব, দাখিল পরীক্ষা পরিচালনা কমিটি, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা পরীক্ষা কেন্দ্র।  
২) অধ্যক্ষ/সুপার ও মাদরাসা পরিচালনা কমিটি, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থাপন-৫৫/৪৮২(৯)

তারিখঃ ১০/০৮/২০১৭খ্রিঃ

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক, সকল।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক/ মাদরাসা পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৭. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক কার্যালয়, সকল।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।



মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪

২০/৮/১৭